দৈনিক ইত্তেফাক

তারিখ 24 SEP 1991
পৃষ্ঠা ১ কলাম ৬

28

10

# তিনটি বোর্ডের এসএসসি পরীক্ষার ফল প্রকাশিত না হইলেও—

( ইত্তেফাক রিপোর্ট )

দেশের চারটি শিক্ষা বোর্ডের মধ্যে কেবল ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষার ফল প্রকাশিত হইয়াছে, এই বোর্ড হইতেও এইচ এস সিতে ভর্তি সংক্রান্ত কোন নির্দেশ এখনও কলেজ-

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## তিনটি বোর্ডের

(১ম পৃঃ পর)

সমূহে প্রেরণ করা হয় নাই। তবে ঢাকার কোন কোন কলেজ ইতিমধ্যে ভর্তির প্রক্রিয়া শুরু করিয়াছে।

সংশ্লিষ্ট সূত্র জানাইয়াছে, এ বছর কুমিল্লা বোর্ডের এসএসসি পরীক্ষার ফল ১৫ নভেম্বরের পূর্বে প্রকাশিত হওয়ার সম্ভাবনা নাই। আগামী মাসের ৩০ তারিখ নাগাদ যশোর বোর্ডের ফল প্রকাশিত হইতে পারে। চলতি মাসের ২৬ হইতে ২৮ তারিখের মধ্যে রাজশাহী বোর্ডের ফল প্রকাশিত হওয়ার সম্ভাবনা। এদিকে ঢাকার নটরডেম কলেজে ইতিমধ্যে ভর্তি প্রক্রিয়া শুরু হইয়াছে। ১৯ সেপ্টেম্বর হইতে এই কলেজের ভর্তি ফরম প্রদান শুরু হইয়াছে। অক্টোবরের ৩, ৪ ও ৫ তারিখে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। এই কলেজের ভর্তির বিজ্ঞপ্তিতে বলা হইয়াছে, রাজশাহী বোর্ডের ছাত্ররা এস এস সি পরীক্ষার ফল প্রকাশিত হওয়ার পরপরই ফরম ও তথ্যপত্র সংগ্রহ করিতে পারিবে। কুমিল্লা ও যশোর বোর্ডের ছাত্রদের জন্য কিছু আসন সংরক্ষিত থাকিবে। ফল বাহির না হইলেও তাহারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ ও কৃতকার্য হইলে ক্লাস করিতে পারিবে। এইচ এস সি পরীক্ষার ফল প্রকাশের পর তাহাদের ভর্তি চূড়ান্ত হইবে। হলিক্রশ কলেজ আগামীকাল ভর্তির নোটিস দিবে। কিন্তু ঢাকার বাহিরের ছাত্রীদের জন্য কি ব্যবস্থা হইবে, সে সম্পর্কে কলেজ গতকাল পর্যন্ত কোন সিদ্ধান্ত গ্রহণ করে নাই। কলেজের ভাইস প্রিন্সিপ্যাল জানান, তাহাদের জন্য কিছু আসন সংরক্ষিত রাখা হইতে পারে।

এই দুই কলেজের তাড়াহুড়া করিয়া ভর্তি সম্পর্কে জানিতে চাহিয়া ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের সঙ্গে যোগাযোগ করিলে তিনি বলেন, প্রতি বছরই সকল বোর্ডের ফল প্রকাশের পর আন্তঃবোর্ডের সভায় এইচএসসিতে ভর্তি ও ক্লাস সংক্রান্ত তারিখ নির্ধারণ করা হয়। কিন্তু দ্রুত পাঠ্যক্রম শুরুর উদ্দেশ্যে এই দুই কলেজ বোর্ডের নির্দেশের অপেক্ষা করে না, আগেই ভর্তি প্রক্রিয়া শুরু করে। কেবল এফিলিয়েশন ছাড়া তাহাদের সঙ্গে বোর্ডের কোন সম্পর্ক নাই। সরকারী কোন অনুদানও এই কলেজসমূহ গ্রহণ করে না। ফলে সরকারী সিদ্ধান্ত বাস্তবায়নে তাহাদের কোন চাপ দেওয়া যায় না।